উপজেলা পরিষদ
ঘিওর, মানিকগঞ্জ।

# উপজেলা পরিষদের মে/২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব মোঃ হাবিবুর রহমান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঘিওর, মানিকগঞ্জ।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন।
সভার তারিখ ও সময় ঃ ২৩/০৫/২০২২, সকাল ঃ ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা হাজিরার ক্রমানুসারে পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য ।

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে উপজেলা পরিষদের মাসিক সভায় স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন।। অতঃপর তিনি সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, ঘিওর, মানিকগঞ্জকে অনুরোধ করেন। সভায় বিগত ২৫/০৪/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

| নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | প্রাণি সম্পদ বিভাগ ঃ<br>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান যে, এপ্রিল /২২ চিকিৎসা সরকারিভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ সংখ্যা ক. তরল সিমেন দ্বারা ২২৮ খ. হিমায়িত সিমেন দ্বারা ৮১০, গবাদি পশুর চিকিৎসমা প্রদানের সংখ্যা: ১৮০৫, হাস মুরগীর চিকিৎসা প্রদান: ২৬৪০০, পোষা প্রাণির চিকিৎসা প্রদান=৭, গবাদি পশু পাখি রোগ অনুসন্ধানে নমুন সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ সংখ্যা: ২৯, গবাদি পশু পাখি ডিজিজ সার্ভিলেন্স সংখ্যা: ২, ফ্রি ভেটিরিনারি মেডিকেল ক্যাম্প স্থাপনের সংখ্যা: ১, খামারির প্রশিক্ষণ প্রদানের সংখ্যা: ৪০, কসাইদের দক্ষতা বৃদ্ধিকরণ সংখ্যা: ২, উঠান বৈঠকের আয়োজন সংখ্যা: ৫, বিভাগীয় অন্যান্য কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | ১। বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ঘিওর, মানিকগঞ্জ। |
| ০২ | কৃষি বিভাগ ঃ<br>উপজেলা কৃষি কর্মকর্তা, ঘিওর, মানিকগঞ্জ জানান যে, রবি ২০২১-২২ মৌসুমে মরিচ ১৬০ হেক্টর চলমান আবাদ হয়েছে। মাঠে ফসলের সার্বিক পরিস্থিতি ভাল। বোরো ধানের আবাদ চলছে। সারের মজুদ পরিস্থিতি সন্তোষজনক। বিভাগীয় অন্যান্য কাজ সুষ্টুভাবে চলমান রয়েছে। | ১। বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | ১। উপজেলা কৃষি কর্মকর্তা, ঘিওর, মানিকগঞ্জ |
| ০৩ | উপজেলা প্রকৌশলীর দপ্তর: (ক) উপজেলা প্রকৌশলী, ঘিওর, মানিকগঞ্জ সভায় জানান যে, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ঘিওর, মানিকগঞ্জ গেজেটেড কোয়ার্টার 'প্রিয়াংগন' এর 'গ' নং ফ্লাটে বসবাস করেন। বর্তমানে তার ফ্ল্যাটটি জরাজীর্ণ এবং ব্যবহার অনুপযোগী হওয়ায় ফ্লাটের ভাড়া সর্বসাকুল্যে ৫০০০/= (পাঁচ হাজার) টাকা নির্ধারণের জন্য অনুরোধ করেছেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে, গেজেটেড কোয়ার্টার 'প্রিয়াংগন' ভবনটি জরাজীর্ণ হওয়ায় সকল ফ্লাটের ভাড়া ৫০০০/= (পাঁচ হাজার) টাকা হারে নির্ধারণের বিষয়ে সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন। | গেজেটেড কোয়ার্টার 'প্রিয়াংগন' ভবনের সকল ফ্ল্যাটের ভাড়া ৫০০০/=(পাঁচ হাজার) টাকা হারে নির্ধারণের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতি-ক্রমে গৃহীত হয় | উপজেলা প্রকৌশলী এলজিইডি ঘিওর, মানিকগঞ্জ |
| | (খ) উপজেলা প্রকৌশলী আরো জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে একটি সৌরবিদ্যুৎ সংযোগ আছে। সৌর বিদ্যুৎ সংযোগটি জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে উক্ত সৌর বিদ্যুৎ সংযোগটি মেরামত করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি ঘিওর, মানিকগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| | (গ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, মার্চ মাসের সভার সিদ্ধান্ত অনুসারে পরিষদের অভ্যন্তরে বিদ্যুৎ লাইন সংস্কারের বিষয়ে মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য পত্র প্রেরণ করা হয়। কিন্তু উপজেলার সম্প্রসারিত ভবন নির্মাণ স্থানে পরিত্যক্ত ভবন ও গাছপালা কর্তনের সময় খোলা ১১০০০ (এগার হাজার) ভোল্টেজের লাইন ব্যাপক ক্ষতিগ্রস্থ হয়। যে কোন সময় ভয়াবহ দুর্ঘটনা ঘটতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আলোচনা শেষে বিদ্যুৎ বিভাগের চাহিদাপত্র মোতাবেক উপজেলা রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ৫০০০০০/-(পাঁচ লক্ষ ) এবং ৯৪৯৪৫( চুরানব্বই হাজার নয়শত পয়তাল্লিশ) টাকা উপজেলা পরিষদের ভবন ও বাসাবাড়ি মেরামত খাত হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য মন্ত্রণালয়ের অনুমতি পাওয়া গেলে পরবর্তীতে সমন্বয় করার সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা প্রকৌশলী এলজিইডি ঘিওর, মানিকগঞ্জ |
| | (ঘ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগের ০৯/০৫/২০২২ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০২.২১-২৫১ নং স্মারক মারফত ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় উপজেলা উন্নয়ন সহায়তা থোক বরাদ্দ হতে ঘিওর উপজেলায় ১। উপজেলা ইউটিডিসি অফিস ভবন মেরামত (উপজেলা প্রকৌশলীর দপ্তর, যুব উন্নয়ন দপ্তর এবং হিসাব রক্ষণ দপ্তর) বরাদ্দ = ৮,০০,০০০/- টাকা ২। উপজেলা পরিষদের অভ্যন্তরে শিশুদের বিনোদন পার্ক, সৌন্দযবর্ধন এবং ব্যাডমিন্টন কোর্ট মেরামত বরাদ্দ=১০,০০,০০০/- টাকা ৩। উপজেলা পরিষদের বড়টিয়া রাস্তা ব্যাপারীপাড়া এলাকায় জলাবদ্ধতা নিরসনে ড্রেন মেরামত বরাদ্দ ১০,০০,০০০/- টাকা । সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা ইউটিডিসি অফিস ভবন মেরামত (উপজেলা প্রকৌশলীর দপ্তর, যুব উন্নয়ন দপ্তর এবং হিসাবরক্ষণ দপ্তর) কাজটি কোটেশনের মাধ্যমে এবং উপজেলা পরিষদের অভ্যন্তরে শিশুদের বিনোদন পারক, সৌন্দযবর্ধন এবং ব্যাডমিন্টন কোর্ট মেরামত ও উপজেলা পরিষদের বড়টিয়া রাস্তা ব্যাপারীপাড়া এলাকায় জলাবদ্ধতা নিরসনে ড্রেন মেরামত কাজ দু'টি টেন্ডারের মাধ্যমে বাস্তবায়নের বিষয়ে উপস্থিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন । | আলোচনা মোতাবেক সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি ঘিওর, মানিকগঞ্জ |
| ০৪ | দুর্যোগব্যবস্থাপনাবিভাগ ঃ<br><br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ১ম পর্যায়ে ২০২১-২২ অর্থ বছরে কাবিটা ১০টি প্রকল্প। নগদ অর্থের পরিমান ১৯,৮৫,২৯০.৯৮ টাকা। কাবিখা চাল সাধারণ এর মাধ্যমে কাজ করার জন্য ৮টি প্রকল্প । চালের পরিমান ৪২.০০০৮২ মে: টন। গম এর মাধ্যমে কাজ করারজন্য ৮ টিপ্রকল্প। গমের পরিমান ৪২.০০০৮২ মে: টন। টিআর ১ম পর্যায় ১৬ টিপ্রকল্পনগদ অর্থের পরিমান ১০,৫১,৫৯২.৯৫ টাকা। ১ম পর্যায়ের প্রতিটি প্রকল্পের অগ্রগতি গড়ে ৯৫% এবং২০২১-২০২২ অর্থ বছরের ২য় পর্যায়ের কাবিটা প্রকল্পের৭,৪৫,৩২০.৫৭ টাকার বিপরীতে মোট ০৮ টি প্রকল্প, কাবিখা চাল সাধারন (২য়পর্যায়)৯.৯২৭৩ মে:টন চালের বিপরীতে ০৮ টি প্রকল্প,টিআর ২য় পর্যায়ে মোট ২১,০৩,১৮৫.৯১ টাকার বিপরীতে মোট ২৯ টি প্রকল্প ২য় পর্যায়ের প্রতিটি প্রকল্পের চূড়ান্ত অনুমোদন পাওয়া গেছে। প্রকল্পের কাজ চলমান রয়েছে। ২য় পর্যায়ের প্রকল্পের অগ্রগতি গড়ে ৪৫% এবং ৩য় পর্যায়ে ৫,৬৭,৪০৬.২৭ টাকা বরাদ্দ পাওয়া গেছে। বিপরীতে মোট০৯ টি প্রকল্প চূড়ান্ত অনুমোদন পাওয়া যায়। ২০২১-২০২২ অর্থ বছরের ৩য় পর্যায়ের মোট ৩০ টি গৃহের কাজ চলমান রয়েছে।বিভাগীয় অন্যান্য কাজসুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | ১। বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ঘিওর, মানিকগঞ্জ। |
| ০৫ | মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ<br>আগামী ১৯ জুন থেকে এস এসসি, এস এস সি ভোকেশনাল ও দাখিল পরীক্ষা ২০২২ শুরু হবে। তাই মাইকে আওয়াজ করে বিভিন্ন উৎসব/অনুষ্ঠান করে শিক্ষার্থীদের পড়াশুনা যাতে বিঘ্ন না ঘটে সে ব্যাপারে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন। পবিত্র ঈদুল ফিতরের ছুটির পর শিক্ষা প্রতিষ্ঠান পুরোদমে শ্রেণি কার্যক্রম চলমান। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ সুষ্ঠভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা যথাযথভাবে অব্যাহত রাখতে হবে। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ, ঘিওর, মানিকগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| ০৬ | স্বাস্থ্য বিভাগ ঃ<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, ঘিওর উপজেলায় ওমিক্রনে আক্রান্ত কোন রোগী নেই। বর্তমানে কোভিড-১৯ বুস্টার ডোজ প্রদান করা হচ্ছে । তিনি আরও জানান যে, রোগীদের সেবা প্রদানের জন্য সার্বক্ষণিক এ্যাম্বুলেন্স সার্ভিস চালু আছে। আসন্ন বর্ষায় স্বাস্থ্য সংক্রান্ত যেকোন সমস্যা মোকাবেলার জন্য উপজেলা স্বাস্থ্য বিভাগ সার্বক্ষণিক প্রস্তুত আছে। বিভাগীয় অন্যান্য কাজ সুষ্ঠু ও সুন্দর ভাবে চলছে। | ১। বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে এবং হাসপাতালে দালালমুক্ত পরিবেশ নিশ্চিতকরণের অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা, ঘিওর, মানিকগঞ্জ। |
| ০৭ | যুব উন্নয়ন অধিদপ্তর ঃ<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, আত্মকর্ম ঃ চলতি অর্থ বছরে আত্মকর্মের লক্ষমাত্রা ৮৪ জন। আত্মকর্মের লক্ষ্যমাত্রা পূরণে যুব উন্নয়ন দপ্তর কাজ চালিয়ে যাচ্ছে । বিভাগী অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | ১।বিভাগীয় কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | ১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ঘিওর,মানিকগঞ্জ। |
| ০৮ | পল্লী উন্নয়ন বিভাগঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, বিআরডিবির ০৬টি প্রকল্পের মাধ্যমে ঋণ বিতরণ কার্যক্রম চলছে। ঋণ আদায় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | মাসিক ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং আদায়ের হার ১০০% করতে হবে। | উপজেলা পল্লী - উন্নয়ন কর্মকর্তা,ঘিওর, মানিকগঞ্জ। |
| ০৯ | খাদ্য বিভাগ ঃ<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, খাদ্যের মজুদ পরিস্থিতি সন্তোষজনক। বিভাগীয় কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ঘিওর, মানিকগঞ্জ |
| ১০ | শিক্ষা বিভাগ ঃ উপজেলা শিক্ষা অফিসার, ঘিওর উপজেলাধীন বীর মুক্তিযোদ্ধাদের মুক্তিযুদ্ধকালীন বিভিন্ন স্মৃতি বিজরিত ঘটনা অবলম্বনে প্রকাশনা বের করার বিষয়ে সভায় উপস্থাপন করেন এবং কাজের কিছু অগ্রগতিও তুলে ধরেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | প্রকাশনা বের করার বিষয়টিকে স্বাগত জানানো হয় এবং প্রকাশনা প্রকাশের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, ঘিওর, মানিকগঞ্জ। |
| ১১ | আনসার ও ভিডিপি দপ্তর ঃ<br>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম যথারীতি চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ঘিওর, মানিকগঞ্জ। |
| ১২ | পল্লী সঞ্চয় ব্যাংক ঃ<br>শাখা ব্যবস্থাপক সভায় জানান যে, মে/২২ মাসে সঞ্চয় ও ঋণ আদায় হয়েছে ৭০.০০ লক্ষ টাকাসহ ২০২১-২২ অর্থ বছরে মোট আদায় ৫৩৫.০০লক্ষ টাকা। চলতি অর্থ বছরে ঋণ বিতরণ হয়েছে ৭১.২০ লক্ষ টাকাসহ মোট ৫৯৮.১৫ লক্ষ টাকা । বিভাগীয় কার্যক্রম যথারীতি চলছে। | ১। বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। |
| ১৩ | নির্বাচন বিভাগ ঃ<br>উপজেলা নির্বাচন কর্মকর্তা জানান যে, সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতায় ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন অত্যন্ত সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন হয়েছে। বিভাগীয় কার্যক্রম যথারীতি চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, ঘিওর, মানিকগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| ১৪ | বিদ্যুৎ বিভাগ ঃ<br>ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি ঘিওর সভায় সরকারী/আধাসরকারী অফিসে বকেয়া বিদ্যুৎ বিল প্রদানের জন্য সকলের সহযোগিতা কামনা করেন। অন্যান্য বিভাগীয় কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে | ১। ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, ঘিওর, মানিকগঞ্জ। |
| ১৫ | ইন্সট্রাক্টর উপজেলা রিসোর্স সেন্টার :<br>ইন্সট্রাক্টর উপজেলা রিসোর্স সেন্টার সভায় জানান যে, তার দাপ্তরিক কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে | ইন্সট্রাক্টর উপজেলা রিসোর্স সেন্টার , ঘিওর, মানিকগঞ্জ। |
| ১৬ | ফায়ার সার্ভিসঃ<br>স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস সভায় জানান যে, অত্র উপজেলায় বড় ধরনের কোন দুর্ঘটনা বা অগ্নিকান্ডের ঘটনা ঘটেনি। তবে ঘিওর বাজারে বিদ্যুতিক শর্ট সার্কিটের কারণে আগুনের সূত্রপাত হয়েছিল। সংবাদ পাওয়া মাত্রই ফায়ার সার্ভিস দল গিয়ে আগুন নিয়ন্ত্রনে আনেন। উপজেলায় গুরুত্বপূর্ণ পয়েন্টে রাত্রীকালীন মহড়াসহ এ্যাম্বুলেন্স সেবা অব্যাহত আছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে | স্টেশন অফিসার ফায়ার সার্ভিস, ঘিওর , মানিকগঞ্জ। |
| ১৯ | উপজেলা তথ্যকেন্দ্র ঃ<br>উপজেলা তথ্যসেবা কর্মকর্তা সভায় জানান যে, গ্রামীন মহিলাদের স্বাস্থ্য সেবাসহ বিভিন্ন তথ্যসেবা প্রদান করা হচ্ছে। ০৪টি উঠান বৈঠক করা হয়েছে। বিভাগীয় অন্যান্য কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | ১। বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, ঘিওর, মানিকগঞ্জ। |
| ২০ | বিএডিসি (সেচ) উপসহকারী প্রকৌশলী বিএডিসি(ক্ষুদ্র সেচ) সভায় জানান যে, সেচ মালিক ও কৃষকদের সমন্বয়ে সেচ চার্জ নির্ধারণ কার্যক্রম চলমান। অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে | উপসহকারী প্রকৌশলী বিএডিসি, ঘিওর, মানিকগঞ্জ। |
| ২১ | উপজেলা পরিষদের গুরত্বপুর্ণ অফিসসমূহের মধ্যে ইন্টারকম সংযোগ দেওয়ার বিষয়ে সভায় আলোচনা হয়। | বিস্তারিত আলোচানান্তে গুরত্বপুর্ণ অফিসসমূহের মধ্যে ইন্টারকম সংযোগ দেওয়ার বিষয়ে সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | ১. উপজেলা নির্বাহী অফিসার ঘিওর, মানিকগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| ২২ | (ক) আলোচ্য মাসের আপ্যায়ন খরচ বাবদ =৩০০০০/-(ত্রিশ হাজার ) টাকা<br>(খ) উপজেলা চেয়ারম্যান পরিষদের দপ্তরের আনুষাঙ্গীক খরচ বাবদ ৫০০০/-(পাঁচ হাজার) টাকা<br>(গ) উপজেলা আনসার ও ভিডিপি প্রশিক্ষক মোঃ রবিউল ইসলাম পবিত্র ঈদ-উল-ফিতর/২২ উপলক্ষে উপজেলা পরিষদ চত্বরে নিরাপত্তা কাজে নিয়োজিত পিসি/এপিসি, আনসার ও ভিডিপি সদস্যদের ভাতার ১১৩৪০/-(এগার হাজার তিনশত চল্লিশ) টাকার চাহিদা প্রেরণ করেছেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>(ঘ) উপজেলা পরিষদের অভ্যন্তরীন ও চারপাশে বর্জ্য পরিষ্কার ব্যয় ৫০০০০/- টাকা। | ১। উপজেলা পরিষদ চত্বরে নিরাপত্তা কাজে নিয়োজিত পিসি/এপিসি, আনসার ও ভিডিপি সদস্যদের ভাতা প্রদান,উপজেলা পরিষদের অভ্যন্তরীন ও চারপাশে বর্জ্য পরিষ্কার ব্যয়সমূহ রাজস্ব তহবিল হতে মিটানোর সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | ১. উপজেলা নির্বাহী অফিসার, ঘিওর মানিকগঞ্জ। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি জনগণের সকল সেবা নিশ্চিতকরণে সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তাদের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ হাবিবুর রহমান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ঘিওর, মানিকগঞ্জ
ও
সভাপতি
উপজেলা সমন্বয় কমিটি

স্মারক নং ০৫.৩০.৫৬২২.০০০.০২.০০১.২১-

তারিখ ঃ ২৩/০৫/২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/ অবগতির জন্য প্রেরণ করা হলোঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
০২। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
০৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঘিওর, মানিকগঞ্জ।
০৫। উপজেলা --------------------------------------- কর্মকর্তা, ঘিওর, মানিকগঞ্জ।
০৬। চেয়ারম্যান ----------------------------------------- ঘিওর, মানিকগঞ্জ।

23/05/22

(হামিদুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
মোবাইল: ০১৭১৩৩৫৩৩১৮
☎ ০২-৯৯৬৬২৭০০১
unoghior@mopa.gov.bd